

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 27 April, 2025

একুশে পদকপ্রাপ্ত দৈনিক আমার দেশের সম্পাদক ডঃ মাহমুদুর রহমানসহ সাংবাদিকদের বিরুদ্ধে ফ্যাসিবাদের দোসর ঘেঁষনা গ্রন্থের চেয়ারম্যান মোস্তফা কামাল কর্তৃক মিথ্যা ও হয়রানি মূলক মামলা করার প্রতিবাদে ও তার বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবিতে নোয়াখালী প্রেসক্লাবের সামনে ঘন্টা ব্যাপী মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

রোববার (২৭ এপ্রিল) বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত নোয়াখালী প্রেস ক্লাবের সামনে "আমার দেশ" পাঠক মেলা, নোয়াখালী প্রেসক্লাব ও নোয়াখালী সাংবাদিক ইউনিয়নের যৌথ আয়োজনে এ কর্মসূচি পালন করা হয়। মানববন্ধনে সংহতি জানিয়েছেন নোয়াখালীতে কর্মরত প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিকবৃন্দ, আইনজীবী, রাজনৈতিক ব্যক্তিত্ব ছাত্র প্রতিনিধিসহ বিভিন্ন শ্রেণী পেশার শত শত মানুষ।

আমার দেশ এর নোয়াখালী প্রতিনিধি আজাদ ভূঁইয়ার সঞ্চালনায় মানববন্ধনে বক্রব্য রাখেন নোয়াখালী জেলা বিএনপির আহবায়ক মাহবুব আলমগীর আলো, নোয়াখালী আইনজীবী সমিতির সাবেক সভাপতি এডভোকেট আব্দুর রহিম, দৈনিক সংগ্রামের নোয়াখালী প্রতিনিধি ডাক্তার বোরহান উদ্দিন, বৈশাখী টেলিভিশনের নোয়াখালী প্রতিনিধি লিয়াকত আলী খান, এডভোকেট রবিউল হাসান পলাশ, সময় টিভি নোয়াখালী স্টাফ রিপোর্টার সাইফুল্লাহ কামরুল, সাংগীতিক চলতিধারা'র সম্পাদক এমবি আলম, নোয়াখালী টিভি সাংবাদিক ফোরামের সভাপতি তাজুল ইসলাম মানিক, নিউজ **ডাব্লিউ** নোয়াখালী প্রতিনিধি আকবর হোসেন সোহাগ, যমুনা টেলিভিশনের নোয়াখালী প্রতিনিধি মোতাসিম বিল্লাহ সবুজ, দৈনিক কালবেলার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 23:29

URL: <https://timestodaybd.com/across-the-country/7758071523>